

তারিখ: ৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০২.১৭.১৬২৯

বিষয়: ১(এক) দিন বয়সী প্যারেন্টস্টক মুরগীর বাচ্চা আমদানির অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: প্রোপ্রাইটর, ফেয়ার ফার্মস এর ০৭/০৯/২০২৫ খ্রি. তারিখের পত্র মোতাবেক।


সূত্রাধীন পত্রের প্রেক্ষিতে France হতে ০১ (এক) দিন বয়সী **Dekalb White Layer Parent Stock** জাতের ৬৮৬৪ (ছয় হাজার আটশত চৌষট্টি)টি মুরগীর বাচ্চা নিম্নে বর্ণিত শর্তে আগামী ২১/১২/২০২৫ খ্রি. তারিখের মধ্যে আমদানি করার জন্য অনুমতি প্রদান করা হলো (পি.আই নং- PFT19.16705, তারিখ: ৩০/০৭/২০২৫ খ্রি.)।

শর্তসমূহঃ

- ১। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক মুরগির বাচ্চা “সংক্রামক” রোগমুক্ত মর্মে রপ্তানিকারক দেশের দায়িত্ব প্রাপ্ত ভেটেরিনারিয়ান দ্বারা প্রত্যয়ন করত: প্রত্যয়ন পত্র আমদানির সময় সশো প্রদান করতে হবে।
- ২। বাচ্চা দেশে পৌঁছার পর আমদানিকারক নিজ দায়িত্বে ন্যূনতম ৩ (তিন) সপ্তাহ কোয়ারেন্টাইনে রাখার ব্যবস্থা করবেন এবং সংশ্লিষ্ট জেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অবহিত করবেন। উপজেলা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কোয়ারেন্টাইন কালীনসময়ে মনিটরিং করবেন এবং একটি প্রতিবেদন দাখিল করবেন।
- ৩। বাচ্চা দেশে পৌঁছার পর পরই কমপক্ষে ৩ (তিন)টি বাচ্চা কোয়ারেন্টাইন অফিসার, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা এর মাধ্যমে প্রাণিসম্পদ অধিদপ্তরধীন কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকাতে প্রেরণ করতঃ রোগ নির্ণয় প্রতিবেদন সংগ্রহ করে প্রাণিসম্পদ অধিদপ্তরকে অবহিত করবেন।
- ৪। অনুমোদিত সকল প্যারেন্ট স্টক/গ্র্যান্ড প্যারেন্ট স্টক বিমান যোগে আমদানি করতে হবে এবং এভিয়ান ইনফ্লুয়েঞ্জা আক্রান্ত দেশে ট্রানজিট গ্রহণ করা যাবে না।
- ৫। বাচ্চা আমদানির পর খামারের অগ্রগতির প্রতিবেদন প্রতিমাসে অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৬। বাচ্চা আমদানির পর রপ্তানিকারক দেশ হতে প্রাপ্ত স্বাস্থ্যগত সনদ পত্র ও এলসির কপি অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ৭। রপ্তানিকারক দেশে সংশ্লিষ্ট ফার্মে **Notifiable AI** দেখা দিলে তাৎক্ষণিকভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে। এই আদেশ অমান্য করে বাচ্চা আমদানি করলে সকল দায় দায়িত্ব আমদানিকারক প্রতিষ্ঠানকে বহন করতে হবে।
- ৮। জনস্বার্থে কর্তৃপক্ষ যে কোন সময় আমদানি অনুমতি বাতিল বা স্থগিত করতে পারবেন।
- ৯। সরকারী নির্ধারিত মূল্যে বাচ্চা বিক্রি করতে হবে।
- ১০। মুরগির বাচ্চা দেশে পৌঁছার কমপক্ষে ৭দিন পূর্বে কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকাকে অবহিত করতে হবে।
- ১১। দেশে প্রচলিত সংশ্লিষ্ট সকল আইন মেনে আমদানি করতে হবে।

সকল সংযুক্তিসমূহ:

- (১) সংযুক্তি



২৩-০৯-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক

প্রোপ্রাইটর

ফেয়ার ফার্মস, ৩, শহীদ তাজউদ্দিন আহমেদ সরণি, মগবাজার, রমনা, ঢাকা-১২১৭ (খামারের ঠিকানা: মহিষমারা, গারোবাজার, মধুপুর, টাঙ্গাইল)।

স্মারক নম্বর: ৩৩.০১.০০০০.০০০.১১০.৫৩.০০০২.১৭.১৬২৯/১(৭)

তারিখ: ৮ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
২৩ সেপ্টেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। কমিশনার, কাস্টমস হাউজ, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ২। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, ঢাকা।
- ৩। প্রিন্সিপাল সায়েন্টিফিক অফিসার, কেন্দ্রীয় রোগ অনুসন্ধান গবেষণাগার, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা (রোগ নির্ণয় প্রতিবেদনের এক কপি নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে প্রেরণকরার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, টাঙ্গাইল (খামার পরিদর্শন পূর্বক প্রতি মাসে পরিদর্শন প্রতিবেদন অধিদপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অফিসার ইনচার্জ, ইনফরমেশন এন্ড আইটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ৬। অফিসার ইনচার্জ, প্রাণিসম্পদ কোয়ারেন্টাইন স্টেশন, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর ঢাকা।
- ৭। অফিস কপি, -।



২৩-০৯-২০২৫
ডাঃ সাখাওয়াত হোসেন
উপপরিচালক